"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.kkcp.gov.bd

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.১৪.০৩১.১৮ (অংশ-১)- ১১২৯ তারিখঃ ১২/০৫/২০২৪খ্রিঃ

**বিষয়ঃ কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের মাঠ পর্যায়ে ক্লাব কো-অর্ডিনেটরদের সম্মানীর ভাতা প্রদানের নির্দেশনা সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় সারা দেশে ৪৮৮৩ টি ক্লাব চালু আছে। প্রতিটি ক্লাবের কার্যক্রম পরিদর্শন এবং ক্লাব কার্যক্রমে সহায়তা দেয়ার জন্য ইউনিয়ন পর্যায়ে মহিলা মেম্বারগণকে এবং পৌরসভা পর্যায়ে মহিলা কাউন্সিলরগণকে ক্লাব কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে। এছাড়াও ক্লাব সদস্যদের নাস্তা আয়োজন ও বিতরণ নিশ্চিত করার জন্য ক্লাব কো-অর্ডিনেটর নিকট দায়িত্ব অর্পণ করা হয়েছে। তাদের এই দায়িত্ব যথাযথভাবে পালন সাপেক্ষে প্রতিটি ক্লাব কো-অর্ডিনেটরকে মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা করে সম্মানী প্রদান করার বিধান রয়েছে। সে প্রেক্ষিতে বর্তমান অর্থবছরে জানুয়ারি/২০২৪ মাস হতে সম্মানী ভাতা প্রদান করা হচ্ছে। এমতাবস্থায়, সকল উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর- কে ক্লাব কো-অর্ডিনেটরদের সম্মানী প্রদানের জন্য নিম্নরূপ নির্দেশনা দেয়া হলোঃ

১. **যে সকল ক্লাব কো-অর্ডিনেটর নিয়মিত ক্লাব পরিদর্শন করেছেন এবং নিয়মিত ক্লাব কার্যক্রমে সহায়তা করেছেন শুধুমাত্র সে সকল ক্লাব কো-অর্ডিনেটর সম্মানী ভাতা প্রাপ্য হবেন।**
২. **প্রতিবার সম্মানী গ্রহনের জন্য ক্লাব কো-অর্ডিনেটরগণের নিয়মিত ক্লাব কার্যক্রমে যুক্ত থাকার প্রমাণক হিসেবে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট থেকে প্রত্যয়ন সংগ্রহ করে তা উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিকট দাখিল করবেন এবং উপপরিচালক/উপজেলা মাহিলা বিষয়ক কর্মকর্তাগণ তা নিজ কার্যালয়ে সংরক্ষণ করবেন।**
৩. **উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়ন ব্যতীত কোন ক্লাব কো-অর্ডিনেটরগণকে সম্মানী ভাতা প্রদান করা যাবে না। এক্ষেত্রে কোনরূপ ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা তার জন্য দায়ী থাকবেন।**
৪. **হিসাবরক্ষণ অফিসে প্রতিবার বিল দাখিল করার সময় বিলের সাথে উপজেলা নির্বাহী অফিসারের উক্ত প্রত্যয়ন সমূহ সংযুক্ত করে দিতে হবে। যেসকল ক্লাব কো-অর্ডিনেটর উক্ত প্রত্যয়নসমূহ নিয়মিত দাখিল করতে ব্যর্থ হবে সেসকল ক্লাব কো-অর্ডিনেটরদের সম্মানী উত্তোলন করা যাবে না।**
৫. **সরকারি আইন/বিধি-বিধান মোতাবেক সম্মানী ভাতা হতে আয়কর কর্তন করতে হবে।**
৬. **শুধুমাত্র চালুকৃত ক্লাব সমূহের জন্য উক্ত সম্মানী ভাতা উত্তোলন এবং ব্যয় করা যাবে।**
৭. অডিট কার্যক্রম নিষ্পত্তির জন্য সরকারী বিধি-বিধান অনুসরণ পূর্বক সঠিক অর্থনৈতিক কোড ব্যবহারের মাধ্যমে অর্থ উত্তোলন করে ক্লাব কো-অর্ডিনেটরদের সম্মানী ভাতা প্রদানের মাস্টাররোল এবং ব্যয়িত অর্থের প্রয়োজনীয় কাগজপত্র সংরক্ষণ করতে হবে।

১২/০৫/২০২৪
মোঃ লিয়াকত আলী
প্রকল্প পরিচালক (অঃদাঃ)
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ
১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)
২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল উপজেলা)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।
১. জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা)
২. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা)
৩. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা)।
৪. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল উপজেলা)
৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. সহকারী পরিচালক, (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)। মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৭. ক্লাব কো-অর্ডিনেটরনগণ (সকল)
৮. ফিল্ড সুপারভাইজর, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, (সকল জেলা)। (প্রতিটি ক্লাব কো অর্ডিনেটরদের এই চিঠি সরবরাহ করবেন)
৯. অফিস কপি।

D:\মাঠ পর্যায়ের ফাইল\ক্লাব কো-অর্ডিনেটরদের সম্মানী\২০২৩-২০২৪\জানুয়ারী-এপ্রিল\চিঠি.docx